

গণ-বিজ্ঞপ্তি


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১এর দফা (২) অনুসারে আমি মো: জসিম উদ্দিন, জেলা প্রশাসক, পাবনা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ০৮ নভেম্বর ২০১৮/ ২৪ কার্তিক ১৪২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৬ মূলে ঘোষিত সময়সূচি গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করিয়াছেন:

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ অগ্রহায়ণ ১৪২৫ বুধবার ২৮ নভেম্বর ২০১৮
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৮ অগ্রহায়ণ ১৪২৫ রবিবার ০২ ডিসেম্বর ২০১৮
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৫ অগ্রহায়ণ ১৪২৫ রবিবার ০৯ ডিসেম্বর ২০১৮
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৬ পৌষ ১৪২৫ রবিবার ৩০ ডিসেম্বর ২০১৮

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৬৮, পাবনা-১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৮ নভেম্বর ২০১৮/ ১৪ অগ্রহায়ণ ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৫টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়, পাবনা এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাথিয়া/বেড়া, পাবনায় মনোনয়নপত্র গৃহীত হবে।

উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দেয়ারও সুযোগ রয়েছে।

তারিখ : ১ ২ দিন ১ ১ মাস ২ ০ ১ ৮ বৎসর


মো: জসিম উদ্দিন
জেলা প্রশাসক, পাবনা
ও
রিটার্নিং অফিসার
৬৮, পাবনা-১


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, পাবনা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১০.১৫.০৮৭.১৮. ১১৬০

তারিখ : ১২ নভেম্বর, ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, পাবনা।
- ০৫। জেলা নির্বাচন অফিসার, পাবনা।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ৬৮, পাবনা-১, সাথিয়া/বেড়া, পাবনা। তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ।
- ০৭। জেলা তথ্য অফিসার, পাবনা। তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ।
- ০৮। উপজেলা নির্বাচন অফিসার, সাথিয়া/বেড়া, পাবনা।
- ০৯। অফিসার ইনচার্জ, সাথিয়া/বেড়া/আতাইকুলা থানা, পাবনা।
- ১০। অফিস কপি।


জেলা প্রশাসক, পাবনা
ও
রিটার্নিং অফিসার
৬৮, পাবনা-১